গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলার আগষ্ট / ২০২১ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : ফাহমি মো. সায়েফ
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ০৯/০৮/২০২১ খ্রি:।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব কাজী কেরামত আলীকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে ও বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করার আহবান জানান। অত:পর তিনি উপস্থিত সকল সদস্যকে তাদের বক্তব্য তুলে ধরার জন্য অনুরোধ জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন** : বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। জুন/২০২১ ও জুলাই/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা** : জুন /২০২১ ও জুলাই/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

মাসের নাম	খুন	ধর্ষণ	ডাকাতি/ রাহাজানী	চুরি	বিশেষ ক্ষমতা	অস্ত্র উদ্ধার	জুয়া আইনে মামলা	নারী ও শিশু নির্যাতন অপরাধ	প্রতারণা / মানবপাচার মামলা	মাদক মামলা	বিস্ফোরক মামলা	সড়ক দুর্ঘটনা	অন্যান্য	মোট	মন্তব্য
জুলাই/২০২১	-	-	২	২	-	-	-	০২		২৩	-	০২	১১	৪২	
জুন/২০২১	-	-	২	১	-	-	-	০৭	-	১৭	-	০২	১১	৪০	
	-	-	স্থিতিশীল	বৃদ্ধি	-	-	-	হ্রাস	-	বৃদ্ধি	-	স্থিতিশীল	স্থিতিশীল	বৃদ্ধি	

উক্ত তুলনামূলক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, জুন/২০২১ মাসে ডাকাতি-০২টি, চুরি- ০১ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৭ টি, মাদক অপরাধ-১৭ টি, সড়ক দূর্ঘটনা ০২ টি, অন্যান্য-১১ টি সহ মোট ৪০ টি অপরাধ ও জুলাই/২০২১ মাসে ডাকাতি-০২টি, চুরি- ০২ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০২ টি, মাদক অপরাধ-২৩ টি, সড়ক দূর্ঘটনা ০২ টি, অন্যান্য-১১ টি সহ মোট ৪২ টি অপরাধ সংঘটিত হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা জুন/২০২১ মাসের তুলনায় জুলাই/২০২১ মাসে কিছুটা বৃদ্ধি পেয়েছে।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপর হতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নে : অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।

০৪. **জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনা** : সভাপতি জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনায় অংশ নিয়ে বর্তমান অবস্থার প্রেক্ষাপটে সরকারের নির্দেশনা অনুযায়ী উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজবাড়ী ও সভাপতি, ইমাম কমিটি, রাজবাড়ী এবং উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রতি শুক্রবার মসজিদে নামাজ আদায় কালে খুৎবার পূর্বে মাদকের ভয়াবহতা,
জঙ্গীবাদ, সন্ত্রাস ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে পবিত্র কুরআন ও হাদিসের আলোকে ০৫ মিনিট নিয়মিত বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে অনুরোধ জানানো হয়। তাদেরকে প্রত্যেক শুক্রবার ভিন্ন ভিন্ন মসজিদে নামাজ আদায় করার জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত : জঙ্গীবাদের কুফল সম্পর্কে প্রতি শুক্রবার জুম্মার নামাজের পূর্বে বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন,রাজবাড়ী,সভাপতি, ইমাম কমিটি,রাজবাড়ী এবং রাজবাড়ী সদর উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউ,পি চেয়ারম্যান।

০৫. **মাদক বিরোধী অভিযান :** জনাব দেওয়ান মোহাম্মদ জিল্লুর রহমান, পরিদর্শক, মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর, সভায় বক্তব্যপ্রদান করেন। তিনি মাদকের বিষয়ে তথ্য দিয়ে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, মাদকের প্রবণতা রোধে নিয়মিত অভিযান পরিচালনা করা হয় এবং সকলে মাদকের বিরুদ্ধে সোচ্চার আছে ও থাকবে মর্মে অঙ্গীকার করেন।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় করা হয় এমন স্পটসমূহ চিহ্নিত ও মাদকের গডফাদারদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‌্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে লাগাতার অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা, পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও সকল ইউ,পি চেয়ারম্যান ।

০৬. **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয়াদি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:**

সভাপতি অপরাধ চিত্র পর্যালোচনা করে বলেন যে, চলতি মাসে অপরাধ প্রবণতা কিছুটা বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন,শোকাবহ আগষ্ট মাস চলছে। শ্রদ্ধাভরে স্মরণ করছি ১৫ই আগষ্ট/১৯৭৫ এর কালো রাতে নিহত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তার পরিবারের শহীদ সকল সদস্যর। তিনি আরো শ্রদ্ধাভরে স্মরণ করেন, একই বছরের ১৮ আগষ্ট নিহত রাজবাড়ী ১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্যর পিতা মরহুম জনাব কাজী হেদায়েত হোসেন, এম,পির। অত:পর, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬.১	জনাব ডা: শেখ মো: আব্দুল হান্নান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজবাড়ী সদর ছালাম জানিয়ে বক্তব্য প্রদান করেন। তিনি বলেন যে, গত ৭/৮/২০২১ খ্রি: তারিখ হতে ১ম গণটিকা দেওয়া শুরু হয়েছে। রাজবাড়ী সদরে ভ্যাকসিনের ডোজ ছিল ৮৫০০ টি। ভ্যাকসিন প্রদান করা হয়েছে ৮৪৩০ জনকে। প্রথমে বয়স নির্ধারণ ছিল ১৮ বছর। কিন্তু অনেকের জাতীয় পরিচয় পত্র না থাকায় জন্মনিবন্ধন নম্বর দিয়ে তথ্য পূরণ করা যায় না তাই অনেককে ফিরে যেতে হয়েছে। আগামী ১৪/০৮/২০২১ তারিখ থেকে ভ্যাকসিন আসলে পুনরায় শুরু করার কথা জানান।	সরকার কতৃক নির্ধারিত ২৫ বছর পর্যন্ত টিকা প্রদান করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজবাড়ী সদর
৬.২	জনাব মীর্জা বদিউজ্জামান, চেয়ারম্যান, বসন্তপুর ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তিনি কোভিড-১৯ এর টিকা ইউনিয়নের আয়তন ও জনসংখ্যার ভিত্তিতে ভাগ করতে অনুরোধ জানান। তিনি বলেন, সব ইউনিয়নে সমান সংখ্যক টিকা প্রদান করলে জনগণ বঞ্চিত হবে। তিনি মাদক প্রতিরোধে রাজাপুর, লক্ষীপুর ও বাজিতপুরে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানান।	মাদকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৩	জনাব শেখ গোলাম মোস্তফা বাচ্চু, চেয়ারম্যান, বানীবহ ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তবে তার ইউনিয়নে ছিঁচকে চুরি বেড়ে গেছে। মহিষবাথানে কিছু ছেলেরা মাঠের মধ্যে প্যান্ডেল সাজিয়ে ব্যাডমিন্টন খেলবে। সেখানে দৃষ্টি দিতে আইন-শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানান ।	স্বাস্থ্য বিধি মেনে ব্যাডমিন্টন খেলা করতে হবে।	১। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও ২। সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান ।
৬.৪	জনাব সেখ মনিরুজ্জামান, চেয়ারম্যান, বরাট ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সকলকে ছালাম জানিয়ে বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, তার ইউনিয়নে বিভিন্ন বাড়ীর লোক সাংসারিক কাজে কর্মরত থাকায় তাদের ঘরে ঢুকে কে বা কাহারা মোবাইল নিয়ে যায় এ বিষয়ে ব্যবস্থা নিতে অনুরোধ জানান। তিনি আরোও বলেন, তার ইউনিয়নে একটি অজ্ঞাত লাশ পাওয়া গেছে। লাশটিকে থানায় আনা হয়েছে এখনও কোন পরিচয় সনাক্ত হয় নাই। বরাটে মাদক বেড়ে গেছে এ বিষয়ে ব্যবস্থা নিতে অনুরোধ জানান।	মাদকের বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	১। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর, রাজবাড়ী।
৬.৫	জনাব জনাব মো: আব্দুর রাজ্জাক মিয়া, চেয়ারম্যান, সুলতানপুর ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান যে, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভাল।প্রতিনিয়ত ছাগল চুরি হতো। বর্তমানে মাদক ও চুরি বন্ধ আছে। গতরাতে রাজধার বাগদিয়া রাস্তার উপর একটি বড় ধরণের বটগাছের মাঝ দিয়ে বিদ্যুতের লাইন গেছে সেটার ডাল ভেঙ্গে পড়ে। একটু ঝড়ো হাওয়াতেই বটগাছের ডাল ভেঙ্গে তারের উপর পরে বড় ধরণের দূর্ঘটনা ঘটে । সে কারণে গাছটি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	রাস্তার উপরের অপ্রয়োজনীয় গাছ অপসারণের ব্যবস্থা করতে হবে।	১। উপজেলা বন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। ও সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান ।

৪৫

৬.৬	জনাব মো: আবুল হাশেম বিশ্বাস, চেয়ারম্যান, রামকান্তপুর ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তবে বেথুলিয়া ও মাটিপাড়া ফসলের মাঠে বৃষ্টির সময় পানি জমে ফসলের অনেক ক্ষতি হয়। ঐ জায়গায় ক্যানাল/জোলা কাটার ব্যবস্থা করলে বেথুলিয়া ও মাটিপাড়া এলাকার গ্রামবাসীর উপকার হয়। তাই তিনি ঐ স্থানে ক্যানাল/জোলা কাটার অনুরোধ জানান।	স্বাস্থ্য বিধি মেনে ভিজিএফ বিতরণ কার্যক্রম পরিচালনা করতে হবে।	ইউ,পি চেয়ারম্যান (সকল)।
৬.৭	জনাব মো: আব্বাস আলী, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, রাজবাড়ী সরকারী কলেজ সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন তাদের প্রতিষ্ঠানটি ১৫ একর জায়গা নিয়ে অবস্থিত। এখানে অনেকে মাদকসেবীরা বসে মাদক সেবন করেন তাই পুলিশি টহল বাড়ানো হলে তাদের গাড়ীর শব্দে অপরাধীরা পালায়। তিনি ৫ বছর বয়সী শিশুদের সাঁতার শেখানো বাধ্যতামূক করার অনুরোধ জানান। এছাড়া এসভার মাধ্যমে উপস্থিত সকলকে পলিথিন বর্জনের অনুরোধ করেন ও বৃষ্টির পানি সংরক্ষন করে সারা বছর ব্যবহারের অনুরোধ করেন।	৫ বছর বয়সী সকল শিশুকে বাধ্যতামূলক সাতার শেখার ব্যবস্থা করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর ও সংশ্লিষ্ট সকল।
৬.৮	জনাব কুসুম কুমার রায়, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, রাজবাড়ী সদরের আইনশৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। প্রতিটি গণটিকা কেন্দ্রে ০৩ (তিন) জন করে আনসার ভিডিপি সদস্য সামাজিক দূরত্ব ও স্বাস্থ্য বিধি মেনে চলার বিষয়ে কাজ করছে। পৌরসভায় ২৭ জন আনসার ভিডিপি সদস্য গণটিকা কেন্দ্রে কাজ করছে। প্রতিটি ইউনিয়নে কাজ করছে ০৭ জন সদস্য।	স্বাস্থ্য বিধি মেনে গণটিকা কার্যক্রম পরিচালনা করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজবাড়ী সদর।
৬.৯	জনাব মো: রমজান আলী খাঁন, সভাপতি, উপজেলা আওয়ামীলীগ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, রাজবাড়ী সদরের আইনশৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। গণটিকার বিষয়ে তিনি বলেন অনেকে বিদেশ যাবে তাই ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন ধরনের টিকা গ্রহণযোগ্য। এ বিষয়টিও প্রচার করার জন্য তিনি অনুরোধ জানান। বয়স্কলোকদের ভোগান্তি কমিয়ে টিকা প্রদানের বিষয়ে অনুরোধ করেন।	-	-
৬.১০	জনাব রাকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, রাজবাড়ী সদরের আইনশৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তিনি শ্রদ্ধাভরে স্মরণ করেন, ১৯৭৫ সালের ১৫ আগস্টের ভয়াল রাতে নিহত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের নিহত সকল সদস্যর প্রতি। তিনি আরো বলেন এই করোনার কারণে অনেকে কাজ হারিয়েছে ফলে তারা অপরাধের সাথে জরিয়ে যাচ্ছে এ বিষয়ে আমাদের সকলের সতর্ক থাকতে হবে। তিনি বরাটে পাওয়া অজ্ঞাতনামা বিষয়ে তথ্য জানতে চান। তিনি ইউনিয়ন পরিষদ সদস্য ও বিট পুলিশের মাধ্যমে ইউনিয়নের আইন শৃঙ্খলার বিষয়ে সবরকম তথ্য অফিসার ইনচার্জকে অবগত করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ জানান।	ইউনিয়ন পরিষদ সদস্য ও বিট পুলিশকে সচেতন করতে হবে।	১। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও ২। ইউ,পি চেয়ারম্যান (সকল)
৬.১১	জনাব এ্যাডভোকেট ইমদাদুল হক বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য প্রদান করেন । তিনি বলেন, রাজবাড়ী সদরের আইন শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। আগামী ১৪/৮/২০২১ খ্রি: তারিখ হতে নতুন টিকাদান কর্মসূচী শুরু হবে। তিনি বলেন সুলতানপুরে জালদিয়ায় ২টি কেন্দ্র আছে , ১টি বাদ দিয়ে ধর্মশী কেন্দ্র করে দিয়ে জনগণের উপকার হয়। টিকার বিষয়ে যাদের বয়স ২৫ বছর এবং এন আইডি আছে তাদের নির্বাচন করা যায়। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ও আমি মিলে কেন্দ্রের তালিকা করে দেব। ফলে জনগণ সুবিধামত জায়গায় টিকা নিতে পারেন। রাজবাড়ী সরকারী কলেজের অধ্যাপকের সাঁতার শেখার প্রস্তাবের বিষয়ে করোনা কমে গেলে উপজেলা পরিষদের পক্ষ থেকে ব্যবস্থা নেওয়া হবে বলে উল্লেখ করেন। সুলতানপুর ইউনিয়নের ছাগল চুরির বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানাকে ধন্যবাদ জানান। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত গ্রাম হবে শহর এর আওতায় পদ্মার ওপারে পাবনার কাছে ২৭ টি সৌর বিদ্যুতের প্লান্ট স্থাপন করা হবে। ফলে অবহেলিত এলাকার জনগণ সৌরবিদ্যুতের সুবিধা পাবে। সেখানে অফিসার ইনচার্জকে সহযোগিতা করার অনুরোধ করেন। বানীবহ ও রামকান্তপুর এর স্লুইচগেট সঠিক ভাবে ব্যবহার হচ্ছে না তিনি এমপি মহোদয়কে স্লুইচগেট সঠিকভাবে	গ্রাম হবে শহর এই ধারায় কাজ করতে হবে।	ইউ,পি চেয়ারম্যান (সকল)।